



STUDY MATERIAL
VIVEKANANDA COLLEGE
THAKURPUKUR
NAAC ACCREDITED GRADE-A

PHILOSOPHY

(HONOURS)

SEMESTER:4

CC8 :Western Logic

Name of the teacher: Pragya Bhattacharjee

Assistant professor, Dept. of Philosophy

Immediate inferences

- Conversion
- Obversion
- Contraposition

অনুমান বা inference এক প্রকার মানসিক প্রক্রিয়া। এক্ষেত্রে একটি জ্ঞাত বিষয়ের উপর ভিত্তি করে ওপর একটি বিষয়ের জ্ঞান আহরণ করা হয়ে থাকে।

অনুমান দুপ্রকার।

- অবরোহ
- আরোহ

অবরোহ অনুমান দ্বিবিধ

- অমাধ্যম
- মাধ্যম

অমাধ্যম অনুমান: যে অবরোহ অনুমানে একটি মাত্র হেতুবাক্যের সাহায্য নিয়ে সিদ্ধান্তে উপনীত হওয়া যায় বলা হয় অমাধ্যম অনুমান।

মাধ্যম অনুমান: যে অবরোহ অনুমানে দুই বা ততধিক হেতুবাক্যের সাহায্য নিয়ে সিদ্ধান্তে উপনীত হওয়া যায় তাকে বলে মাধ্যম অনুমান

অমাধ্যম অনুমান মূলত দুই প্রকার।

- আবর্তন
- বিবর্তন

আবর্তন- যে অবরোহমূলক অমাধ্যম অনুমানে নিয়ম সম্মত ভাবে হেতুবাক্যের উদ্দেশ্য পদ সিদ্ধান্তে বিধেয় পদ ও হেতুবাক্যের বিধেয় পদ সিদ্ধান্তে উদ্দেশ্য পদ হয় এবং গুনকে অপরিবর্তনীয় রেখে আশ্রয় বাক্য বা হেতু বাক্য থেকে সিদ্ধান্ত অনিবার্য ভাবে নিঃসৃত হয় সেই অমাধ্যম অনুমানকে বলা হয় আবর্তন।

আবর্তনের নিয়ম:

- হেতুবাক্যের উদ্দেশ্য সিদ্ধান্তের বিধেয় হবে।
- হেতুবাক্যের বিধেয় সিদ্ধান্তের উদ্দেশ্য হবে।

●আবর্তনের ক্ষেত্রে হেতুবাক্য ও সিদ্ধান্তের মধ্যে গুণের পরিবর্তন হয় না।

●যে পদ যুক্তিবাক্যে ব্যাপ্য হয়নি সেই পদ সিদ্ধান্তে ব্যাপ্য হবে না।

উদাহরণ:

আবর্তনীয়: কোন S নয় P (E)

আবর্তিত: ::কোন P নয় S (E)

আবর্তন দুই প্রকার।

●সরল আবর্তন (Simple Conversion)

●অসরল আবর্তন(Conversion by Limitation)

সরল আবর্তন : যে সকল আবর্তনে হেতুবাক্য ও সিদ্ধান্তের মধ্যে কোনো পরিমাণগত পার্থক্য থাকে না তাকে সরল আবর্তন বা সম আবর্তন বলে।

উদাহরণ:আবর্তনীয়: কোন কোন ছাত্র হয় বুদ্ধিমান।(I)

আবর্তিত: :: কোনো কোন বুদ্ধিমান ব্যক্তি হয় ছাত্র। (I)

অসরল আবর্তন:যে আবর্তনে হেতুবাক্য ও সিদ্ধান্তের মধ্যে গুণের পরিবর্তন হয় তাকে সরল আবর্তন বলে।

উদাহরণ: আবর্তনীয়:সকল মানুষ হয় মরণশীল।(A)

আবর্তিত: :: কোন কোন মরণশীল প্রাণী হয় মানুষ। (I)

সম্ভাব্য প্রশ্ন -

A বচনের সরল আবর্তন হয় না কেন?

উত্তর সংকেত :

A বচনের সরল আবর্তন করলে আবর্তনের চতুর্থ নিয়ম লঙ্ঘিত হয়। আবর্তনের চতুর্থ নিয়মে বলা হয় যে আবর্তনের ক্ষেত্রে যে পদ যুক্ত বাক্যে ব্যাপ্য হয়নি সেই পদ সিদ্ধান্তে ব্যাপ্য হয় না। A বচন উদ্দেশ্য পদকে ব্যাপ্য করে। বিধেয় পদকে অব্যাপ্য করে। A বচনের সরল আবর্তন করলে আবর্তনীয় বচনের বিধেয় অব্যাপ্য পদটি আবর্তিত হয়ে সিদ্ধান্তে যখন উদ্দেশ্য স্থলে বসবে তখন তা ব্যাপ্য হয়ে যাবে। ফলত আবর্তনের চতুর্থ নিয়ম লঙ্ঘিত হয়।সেই কারণেই A বচনের সরল আবর্তন হয় না।

বিবর্তন : যে অবরোহ মূলক অমাধ্যম অনুমানে হেতু বাক্য ও সিদ্ধান্তের গুণের পরিবর্তন করা হয় কিন্তু পরিমাণ একই থাকে এবং হেতু বাক্যের উদ্দেশ্যকে সিদ্ধান্তের উদ্দেশ্য রূপে ও হেতুবাক্যের বিধেয়র বিরুদ্ধ পদকে সিদ্ধান্তে বিধেয় রূপে গ্রহণ করা হয় তাকে বিবর্তন বলে।

বিবর্তনের নিয়ম:

- হেতু বাক্যের উদ্দেশ্য সিদ্ধান্তের উদ্দেশ্য হবে।
- হেতুবাক্যের বিধেয়র বিরুদ্ধে পদ সিদ্ধান্তের বিরুদ্ধে পদ হবে।
- হেতুবাক্য ও সিদ্ধান্তের গুণের পরিবর্তন হবে। হেতুবাক্য সদর্থক হলে সিদ্ধান্ত নঞর্থক হবে। আবার হেতুবাক্য নঞর্থক হলে সিদ্ধান্ত সদর্থক হবে।
- হেতুবাক্য ও সিদ্ধান্তের পরিমানের কোন পরিবর্তন হবে না। হেতুবাক্য সামান্য হলে সিদ্ধান্ত সামান্য হবে। আবার হেতুবাক্য বিশেষ হলে সিদ্ধান্ত বিশেষ হবে।

উদাহরণ:

বিবর্তনীয়: সকল মানুষ হয় মরণশীল।(A)

বিবর্তিত: ∴ কোন মানুষ নয় অ-মরণশীল।(E)

সমবিবর্তন: যে অবরোহ মূলক অমাধ্যম অনুমানে হেতু বাক্য ও সিদ্ধান্তের গুণের পরিবর্তন করা হয় না কিন্তু পরিমানের পরিবর্তন হতেও পারে আবার নাও হতে পারে, এবং হেতু

বাক্যের উদ্দেশ্যের বিরুদ্ধ পদকে সিদ্ধান্তের বিধেয় রূপে ও হেতুবাক্যের বিধেয়র বিরুদ্ধ পদকে সিদ্ধান্তে উদ্দেশ্য রূপে গ্রহণ করা হয় তাকে সমবিবর্তন বলে।

সমবিবর্তনের নিয়ম:

- হেতু বাক্যের উদ্দেশ্যের বিরুদ্ধ পদ সিদ্ধান্তের বিধেয় পদ হবে।
 - হেতুবাক্যের বিধেয়র বিরুদ্ধে পদ সিদ্ধান্তের উদ্দেশ্য পদ হবে।
 - হেতুবাক্য ও সিদ্ধান্তের গুণের পরিবর্তন হবেনা। হেতুবাক্য সদর্থক হলে সিদ্ধান্ত সদর্থক হবে। আবার হেতুবাক্য নঞর্থক হলে সিদ্ধান্ত নঞর্থক হবে।
 - হেতুবাক্য ও সিদ্ধান্তের পরিমানের কোন পরিবর্তন হতেও পারে আবার নাও হতে পারে।
- ★ সমবিবর্তনের ক্ষেত্রে প্রথমে হেতুবাক্যটির বিবর্তন করতে হয়। তারপর সেই বিবর্তিত বচনটির আবর্তন করা হয় পরিশেষে সেই আবর্তিত বচনটির পুনরায় বিবর্তন করতে হয়।

উদাহরণ:

কোন মানুষ নয় অমর। (E)(বিবর্তনীয়)

বিবর্তিত: সকল মানুষ হয় অ-অমর(A)(আবর্তনীয়)

আবর্তিত:কোন কোন অ-অমর হয় মানুষ(I) (বিবর্তনীয়)

বিবর্তিত: ∴ কোন কোন অ-অমর নয় অ-মানুষ। (O)

তথ্যসূত্র

Introduction to Logic: Copi Irving.M; Macmillan